

বিষয়ঃ লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউটে স্বচ্ছতার সহিত প্রদত্ত সেবা সমূহ অবগত করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সর্বস্তরের সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের সততা, ন্যায়নিষ্ঠা ও স্বতঃস্ফূর্ত অসীকারের ভিত্তিতে নিম্নবর্ণিত সেবা সমূহ স্বচ্ছতার সহিত প্রদান করা হচ্ছে।

## সেবাসমূহঃ

- (১) কোন প্রকার প্রাইভেট/কোচিং ছাড়া শতভাগ তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস গ্রহণ করে শিক্ষার্থীদের দক্ষ ও দেশপ্রেমিক প্রকৌশলী হিসাবে গড়ে তোলা।
  - (২) প্রতি বছর শিক্ষার্থীদের শিক্ষা সফরের ব্যবস্থা করা
  - (৩) সপ্তম পর্বের সকল শিক্ষার্থীদের শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনের ব্যবস্থা করা।
  - (৪) অভ্যন্তরীণ পরীক্ষা শেষে দ্রুততম সময়ের মধ্যে ফলাফল প্রকাশ ও ট্রান্সক্রিপ্ট প্রদান করা।
  - (৫) ১ম, ২য়, ৩য় পর্ব সমাপনী পরীক্ষার পর বদলী ইচ্ছুক শিক্ষার্থীদের কোন প্রকার ফি ছাড়া বদলী আবেদন অগ্রবর্তী করা।
  - (৬) ৮ম পর্ব সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থীদের বাস্তব প্রশিক্ষণের সম্মানী বাবদ ১২০০০/- টাকা প্রদান করা। উল্লেখ্য বাস্তব প্রশিক্ষণ বাবদ সরকারী বরাদ্দ ছাত্রপ্রতি ১৩০০০/-
- খরচের বিবরণ- (ক) শিক্ষার্থীদের বাস্তব প্রশিক্ষণ বাবদ সম্মানী ১২০০০/-  
(খ) তদারকি শিক্ষকের সম্মানী ছাত্রপ্রতি ৪০০/-  
(গ) শিল্প প্রতিষ্ঠানের গাইড/তদারকি শিক্ষকের সম্মানী ছাত্রপ্রতি ৬০০/-
- ৮ম পর্ব সমাপনী পরীক্ষার সময় মৌখিক পরীক্ষা বা বাস্তব প্রশিক্ষণ বা ব্যবহারিক পরীক্ষা বাবদ শিক্ষার্থীদের কোন প্রকার ফি প্রদান করতে হয় না।
- (৭) ৮ম পর্ব সমাপনী পরীক্ষার পর মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক মাত্র ২০/- (বিশ) টাকা ফি প্রদান সাপেক্ষে শিক্ষার্থীদের কোর্স কমপ্লিশন সার্টিফিকেট প্রদান করা হয়। ফলাফল প্রকাশের পর মাত্র ২০/- (বিশ) টাকা ফি প্রদান সাপেক্ষে প্রশংসাপত্র প্রদান করা হয়।
  - (৮) প্রতি পর্বে সরকারী বৃত্তির টাকা ১৬৫০/- টাকা ক্যাশ শাখা থেকে প্রদান করা হয়। এক্ষেত্রে শিক্ষার্থীদের কোন প্রকার ফি প্রদান করতে হয় না।
  - (৯) প্রতি পর্বে বিশ্রুপাংকের বৃত্তির টাকা ৪৮০০/- টাকা অগ্রণী ব্যাংক, লক্ষ্মীপুর শাখা হতে শিক্ষার্থীদের একাউন্টের মাধ্যমে প্রদান করা হয়। এক্ষেত্রেও শিক্ষার্থীদের কোন প্রকার ফি প্রদান করতে হয় না।
  - (১০) প্রতি পর্বের ফরম ফিলাপের সময় দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তা প্রদান করা হয়।
  - (১১) প্রতি বছর প্রতিষ্ঠানের রেডক্রসেস্ট তহবিল হতে শিক্ষার্থীদের ব্লাড গ্রুপিং ও হেপাটাইটিস বি ভাইরাস সনাক্ত করনের ব্যবস্থা গ্রহণ করা হয়।
  - (১২) প্রতি পর্বের সেমিন্টার চার্জ ও ফরমফিলাপ ফি শিওর ক্যাশের মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
  - (১৩) প্রতি পর্বে প্রতি বিষয়ে ০৩টি কুইজ টেস্ট, ০২টি ক্লাস টেস্ট এবং ০১টি পর্ব মধ্য পরীক্ষা গ্রহণ করা হয়।
  - (১৪) প্রতি পর্বে আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়।
  - (১৫) জেলা ও জাতীয় পর্যায়ের সকল প্রকার রোভার কার্যক্রমে রোভার সদস্যগণ অংশগ্রহণ করে থাকে। রোভার কার্যক্রমের যাবতীয় খরচ প্রতিষ্ঠানের রোভার ফান্ড থেকে নির্বাহ করা হয়। রোভারদের কোন প্রকার ব্যয় বহন করতে হয় না।
  - (১৬) প্রতিষ্ঠানের রোভার স্কাউট সদস্যদের মাধ্যমে ক্যাম্পাস পরিষ্কার করনের ব্যবস্থা গ্রহণ করা হয়।
  - (১৭) এছাড়া শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের মাধ্যমে ক্যাম্পাস পরিষ্কার করনের ব্যবস্থা গ্রহণ করা হয়।
  - (১৮) জাতীয় দিবসগুলি যথাযথ মর্যাদায় পালন করা হয়। দিবসগুলিতে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক কার্যক্রম অনুষ্ঠিত হয়। এছাড়া দিবসের সহিত সংগতিপূর্ণ সংগীত, হামদ-নাত, কবিতা আবৃত্তি, দোয়ার মাহফিল ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়।
  - (১৯) জব প্রেসমেন্ট সেলের মাধ্যমে পাসকৃত ছাত্র-ছাত্রীদের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে চাকরি প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করা হয়।

লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউটের সামগ্রিক কার্যক্রমকে দূর্নীতিমুক্ত রাখতে সকলের সহযোগিতা কামনা করি। কোন কার্যক্রমে আর্থিক লেনদেন, অবৈধ সুবিধা গ্রহণ বা এ জাতীয় কোন তথ্য পাওয়া মাত্রই অধ্যক্ষ বা একাডেমিক ইনচার্জের নিকট অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরঃ -

( প্রকৌশলী মোঃ আলাউদ্দিন )

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউট,

লক্ষ্মীপুর।

ক্রঃ নং	নাম ও পদবী	মোবাইল নং
০১	প্রকৌশলী মোঃ আলাউদ্দিন অধ্যক্ষ	০১৭১২০২৯৩৮১ ০৩৮১-৬২৩১৬
০২	দেবব্রত কুমার নাথ একাডেমিক ইনচার্জ	০১৫৫৩৩৭৫০০৪

স্মারক নং- লপই/প্রশা-০১(৬)/২০১৬/২৫২২ (২৭)

তারিখ- ৩০/০৮/২০১৬ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ ৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

৩-৭। পরিচালক(প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।

৮-১৮। সহকারী পরিচালক,(১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।

১৯। একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান।

২০-২৫। বিভাগীয় প্রধান(কম্পিউটার/ইলেকট্রনিক্স/সিভিল/এআইডিটি/ইলেকট্রিক্যাল), অত্র ইনস্টিটিউট।

২৬। আইটি বিশেষজ্ঞ, অত্র ইনস্টিটিউট(আপনাকে প্রতিষ্ঠানের ওয়েব সাইটে এবং ফেসবুকে আপলোড করার জন্য বলা হলো।)

২৭। নথি।

( প্রকৌশলী মোঃ আলাউদ্দিন )  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

লক্ষ্মীপুর পলিটেকনিক ইনস্টিটিউট, লক্ষ্মীপুর।